গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
এসডিজি সেল
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শহীদুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ২৭/০২/২০২০ খ্রি., বিকাল ৩:৩০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর সভাকক্ষ (ব্লক-এ)। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

**২.০ সূচনা:**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ড.দিপংকর রায়, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভার আলোচ্যসূচি সভাকে অবহিত করেন এবং বিগত সভার অগ্রগতি তুলে ধরার জন্য বেগম আকলিমা খাতুন, উপপরিচালক, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা কে আহ্বান করেন।

**৩.০ আলোচনা:**

**৩.১ আলোচ্যসূচি 'ক'** অনুযায়ী সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর কর্মসম্পাদন সূচকসমূহের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। আলোচ্যসূচি 'ক' অনুযায়ী উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ গত মাসের সিদ্ধান্তসমূহের অগ্রগতি তুলে ধরেন। তিনি জানান যে, গত সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। কর্মসম্পাদন সূচক [১.৭.১]-এ ওজিডি এর ওয়েবপোর্টালে ডাটাসেট আপলোডকরণের নিমিত্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে এসডিজি সেল থেকে একটি তাগিদ পত্র প্রদান করার পরিপ্রেক্ষিতে ৫ টি ডাটাসেট ওজিডি এর ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আপলোডকৃত প্রমাণক পরিবর্তন অথবা সংযোজন করার বিষয়ে জনাব মু. ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, APAMS সফটওয়্যার খোলার আবেদনের প্রেক্ষিতে APAMS সফটওয়্যারে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রমাণক পরিবর্তন অথবা সংযোজন করার কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়াও কর্মসম্পাদন সূচক [৩.৮.১] এর ক্ষেত্রে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইটে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন-এর ক্ষেত্রে ওয়েবসাইটটিতে বিভিন্ন রকমের কনটেন্ট আপলোড করা হয়েছে।

**৩.২ আলোচ্যসূচি 'খ'** অনুযায়ী কর্মসম্পাদন সূচক [৩.৪.১] 'জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী' উপলক্ষ্যে স্বাধীনতা পূর্ববর্তী সময় এবং স্বাধীনতার পর অর্থাৎ বর্তমানের আর্থ-সামাজিক অবস্থানের তুলনামূলক পরিসংখ্যান প্রকাশনাটি দ্রুততম সময়ের মধ্যে অর্থাৎ ১৭ মার্চ ২০২০ তারিখের মধ্যে প্রকাশ করার জন্য সভাপতি এ সূচকের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

কর্মসম্পাদন সূচক [৩.৫.১] 'জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী' উদযাপন উপলক্ষ্যে পরিসংখ্যান ভবনের জাদুঘরে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপনের অগ্রগতি বিষয়ে এ সূচকের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শেখ মুর্শিদুল ইসলাম, উপসচিব (অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, 'বঙ্গবন্ধু কর্ণার'-এর পরিবর্ততে বর্তমানে আরও বড় পরিসরে পরিসংখ্যান ভবনের ৪র্থ তলায় 'বঙ্গবন্ধু মেমোরিয়াল' স্থাপন করা হচ্ছে। আশা করা যায় যথাসময়ে অর্থাৎ ১৭ মার্চ ২০২০ তারিখে এটি উদ্বোধন করা সম্ভব হবে। সভাপতি এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আরো বেশি তৎপর থাকার নির্দেশনা প্রদান করেন।

কর্মসম্পাদন সূচক [ এম ১.৩.১] ন্যুনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকরণ-এর অগ্রগতি বিষয়ে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের তথ্য সংগ্রহ কার্যক্রমের নিমিত্ত "অনলাইন হাউজ হোল্ড লিস্টিং ফর্ম" নামক নতুন একটি উদ্ভাবনীয় উদ্যোগ চালু হয়েছে মর্মে জনাব মু. ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভাকে অবহিত করেন।

**৩.৩ আলোচ্যসূচি-'গ'** অংশে আলোচনায় ড. দিপংকর রায়, উপসচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বলেন যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর কর্মকর্তাদেরকে বার্ষিক কর্মসম্পাদন

চুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি বলেন যে, অতিদ্রুত এসব প্রশিক্ষণের আয়োজন করতে হবে। এক্ষেত্রে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরের কর্মকর্তাগণের জন্য জরুরি ভিত্তিতে প্রশিক্ষণের আয়োজন করবেন এবং বিবিএস-এর এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এর অধীনস্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করবেন।

৪.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. কর্মসম্পাদন সূচক [৩.৪.১] এর ক্ষেত্রে, সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রকাশনাটি যথাসময়ে প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২. কর্মসম্পাদন সূচক [৩.৫.১] এর ক্ষেত্রে, 'জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী' উদযাপন উপলক্ষ্যে পরিসংখ্যান ভবনের 'বঙ্গাবন্ধু কর্ণার' এর পরিবর্তে 'বঙ্গাবন্ধু মেমোরিয়াল' যথাসময়ে উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ আরো বেশি তৎপর থাকবেন।

৩. পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ বিভাগ এবং বিবিএস সদর দপ্তরের কর্মকর্তাগণের জন্য এবং বিবিএস-এর এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীনস্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো. শহীদুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং: ৫২.০০.০০০০.০২৮.০৫.০২৭.১৯(অংশ-১).২২৬

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৬ / ০৩ মার্চ ২০২০

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে)- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১. উপসচিব (পরিকল্পনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা;
২. উপসচিব (উন্নয়ন-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা;
৩. উপসচিব (বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা;
৪. জনাব শেখ মুর্শিদুল ইসলাম, উপসচিব (অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ;
৫. জনাব জনাব মো. রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, সেন্সাস উইং, বিবিএস;
৬. উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা;
৭. প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা;
৮. বেগম মেহেনাজ তাবাসসুম, উপপরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৪. অফিস কপি/গার্ড নথি।

০৩.০৩.২০২০
আকলিমা খাতুন
উপপরিচালক
ফোন: ৫৫০০৭০৭৩